# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/২৬৬ তারিখঃ ২১ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ
০৫ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

৭৯০ তম কমিশন সভা অদ্য ০৫/০৯/২০২১ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে ঃ-

০১. কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Krishibid Feed Limited (কৃষিবিদ ফিড লিমিটেড) এর ২২.০০ কোটি টাকার মূলধন সংগ্রহের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Companies) Rules, 2018 অনুযায়ী ২,২০,০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO-এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে ২২.০০ কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি ফ্যাক্টরী বিল্ডিং ও অন্যান্য নির্মাণ, যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয়, ব্যাংক ঋণ পরিশোধ, ডিজেল জেনারেটর ক্রয়, ডেলিভ্যারি ভ্যান ক্রয় ও ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১ শে ডিসেম্বর ২০২০ সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ১.৬৭ টাকা এবং পুনঃমূল্যায়ন সঞ্চিতি ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation reserve) ১৮.৪৭ টাকা। SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে MTB Capital Limited। অদ্যকার কমিশন সভায় আরোও সিদ্ধান্ত গৃহীত হয় যে, তালিকাভুক্ত সিকিউরিটিজে যে সকল Individual Investor (Resident and Non-resident) এর বাজার মূল্যে বিনিয়োগের পরিমান ১.০০ (এক) কোটি টাকা বা তদুর্ধ্ব সে সকল Individual Investors, Qualified Investors হিসাবে বিবেচিত হবে। উলেখ্য, এটি SME Platform এ তালিকাভুক্তির জন্য কমিশন কর্তৃক অনুমোদিত Qualified Investor Offer (QIO).

০২. কমিশন অদ্যকার সভায়, Union Bank Limited এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ৪২৮,০০০,০০০ টি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাব অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানিটি ৪২৮ (চারশত আটাশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে এসএমই ও প্রজেক্ট অর্থায়ন, সরকারি সিকিউরিটিজ ক্রয়, পুঁজি বাজারে বিনিয়োগ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ৩১ শে ডিসেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নেট এ্যাসেটভ্যালু (NAV without revaluation) টাকা ১৬.৩৮ (কোম্পানিটি কোন সম্পদ পুনঃমূল্যায়ন করেনি) ও শেয়ার প্রতি আয় ১.৭৭ টাকা এবং বিগত ০৫(পাঁচ) বছরের ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১.৮২ টাকা। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে প্রাইম ব্যাংক ইনভেস্টমেন্ট লিমিটেড এবং ব্রাক ইপিএল ইনভেস্টমেন্টস লিমিটেড। উল্লখ্যে, বাংলাদেশ ব্যাংক এর ডিওএস সার্কুলার নং-০১ তারিখ ১০.০২.২০২০ অনুযায়ী ব্যাংটিকে ২০২১ সালের মধ্যে পুঁজিবাজারে তালিকাভুক্ত সিকিউরিটিজে ২০০ কোটি টাকা বিনিয়োগ করতে হবে। এছাড়াও উল্লেখ্য যে, পুঁজিবাজারে তালিকাভূক্তির পূর্বে কোম্পানিটি কোন প্রকার লভ্যাংশ ঘোষণা, অনুমোদন বা বিতরণ করতে পারবেনা।

০৩. কমিশন অদ্যকার সভায়, Lanka Bangla Finance Limited এর ৩০০ কোটি (ফেস ভ্যালু) টাকার [মোট ইস্যু প্রাইজ ২৬৫.৩৩ কোটি টাকা] Non-convertible Zero-coupon Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। উক্ত বন্ডের ডিসকাউন্ট হার ৭.২৫%-৯.০০%, যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত

Rleem



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd

ব্যাংক, সমবায় ব্যাংক, আঞ্চলিক ব্যাংক, সংগঠন, ট্রাষ্ট ফান্ড ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা কর্পোরেশনসহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারীদের অনুকুলে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে।

উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে Lanka Bangla Finance Limited কর্পোরেট, রিটেইল এবং এসএমই সেক্টরে পুনঃ বিনিয়োগ বা ঋণ প্রদান করবে। এই বন্ডের প্রতি লটের অভিহিত মূল্য ৫৩,০৬,৭৪৩/- টাকা। এই বন্ডের Trustee "IIDFC Capital Limited" এবং Arranger হিসাবে কাজ করছে Green Delta Capital Limited.

০৪. কমিশন অদ্যকার সভায়, Shahjalal Islami Bank Limited এর ৫০০ (পাঁচশত) কোটি টাকার Unsecured, Contingent-Convertible, Fully Paid-up, Non-Cumulative, BASEL-III compliant Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটির ৪৫০ (চারশত পঞ্চাশ) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এবং অবশিষ্ট ৫০ (পঞ্চাশ) কোটি টাকা পাবলিক অফার এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। বন্ডটির কুপন হার ৬% থেকে ১০% যা আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, ট্রাষ্ট, সংগঠন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারী এবং সাধারণ বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Shahjalal Islami Bank Limited এর Additional Tier-1 মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। প্রাইভেট প্লেসমেন্টের ক্ষেত্রে এই বন্ডের ন্যূনতম সাবস্ক্রিপশন ৫০,০০০,০০০/- (পাঁচ কোটি) টাকা এবং সাধারণ বিনিয়োগকারীদের জন্য এই বন্ডের ন্যূনতম সাবস্ক্রিপশন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা। এই বন্ডের Trustee "MTB Capital Limited" এবং Issue Manager হিসাবে কাজ করছে Islami Bank Capital Mangagement Limited এবং UCB Investment Limited.

০৫. কমিশন অদ্যকার সভায়, Islami Bank Bangladesh Limited এর ৮০০ (আটশত) কোটি টাকার Unsecured, Contingent-Convertible, Fully Paid-up, Floating rate, Non-Cumulative, BASEL-III compliant 2nd Perpetual Bond এর প্রস্তাব অনুমোদন করেছে। বন্ডটির ৭২০ (সাতশত বিশ) কোটি টাকা প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এবং অবশিষ্ট ৮০ (আশি) কোটি টাকা পাবলিক অফার এর মাধ্যমে ইস্যু করা হবে। বন্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা। বন্ডটি আর্থিক প্রতিষ্ঠান, মিউচুয়্যাল ফান্ড, ইনস্যুরেন্স কোম্পানি, তালিকাভুক্ত ব্যাংক, আঞ্চলিক রুরাল ব্যাংক, ট্রাষ্ট, সংগঠন, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান সহ অন্যান্য যোগ্য বিনিয়োগকারী এবং সাধারণ বিনিয়োগকারীদের অনুকূলে ইস্যু করা হবে।

উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে Islami Bank Bangladesh Limited এর Additional Tier-1 মূলধনের ভিত্তি শক্তিশালী করবে। এই বন্ডের Trustee "SBL Capital Management Limited" এবং Issue Manager হিসাবে কাজ করছে Prime Bank Investment Limited এবং UCB Investment Limited.

05-09-2021
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র



সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd